

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১  
চেঙ্গাইন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

ই-মেইলঃ-narayanganjpbs1@gmail.com ওয়েব সাইটঃ-pbs1.narayanganj.gov.bd  
বিজ্ঞাপন মন্ত্রণালয়ের ওয়েব সাইট www.mpcmr.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৭০৪.৫৭০.০১.০৪৮.২১. ১/১০

তারিখঃ- ১১ ফাল্গুন, ১৪২৭ বঙ্গাব্দ  
২৪ ফেব্রুয়ারী, ২০২১ খ্রিঃ


**পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি (RFQ)**

নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক পবিস নিজস্ব তহবিলের আওতাধীন কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (RFQ) পদ্ধতির মাধ্যমে অত্র সমিতির আখালিয়া উপকেন্দ্র ও আনন্দবাজার উপকেন্দ্র এবং কাবিলগঞ্জ উপকেন্দ্রের নিরাপত্তার জন্য Internet Protocol Surveillance System এর আওতায় IP ক্যামেরা স্থাপন করা হবে। IP. ক্যামেরার সরঞ্জামাদি রাখার জন্য সংযুক্ত স্পেশিফিকেশন অনুযায়ী ঘর নির্মাণ করার জন্য বাংলাদেশের প্রকৃত উৎপাদনকারী/সরবরাহকারী/সেয়ামতকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত পুনঃদরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	মালামাল/ কাজের বিবরণ ও স্পেশিফিকেশন	যে স্থানে ঘর নির্মাণ করতে হবে	সংযুক্ত পরিশিষ্ট "ক" অনুযায়ী ০১ টি ঘরের জন্য দাখিলকৃত মোট মূল্য	মোট সংখ্যা	দাখিলকৃত সর্বমোট মূল্য (০৩ টি ঘরের জন্য)
৭১/২০-২১	আখালিয়া উপকেন্দ্র ও আনন্দবাজার উপকেন্দ্র এবং কাবিলগঞ্জ উপকেন্দ্রের অভ্যন্তরে ঘর নির্মাণের স্পেশিফিকেশন সংযুক্ত ("পরিশিষ্ট-ক"-০১ টি ঘরের)। [ বিঃদ্রঃ নির্মিতব্য ০৩ টি ঘরের স্পেশিফিকেশন একইরূপ ]	আখালিয়া উপকেন্দ্রের অভ্যন্তরে ০১ টি ও আনন্দবাজার উপকেন্দ্রের অভ্যন্তরে ০১ টি এবং কাবিলগঞ্জ উপকেন্দ্রের অভ্যন্তরে ০১ টি মোট=০৩ টি		০৩ টি	


**শর্তাবলীঃ**

- আগ্রহী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে উল্লিখিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ (যদি প্রয়োজন হয়) করতে পারবেন এবং পুনঃ দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিসের ওয়েব সাইট pbs1.narayanganj.gov.bd এ দেখতে পারবেন।
- দরপত্র আগামী ০৭/০৩/২০২১ খ্রিঃ তারিখে বেলা ১১.০০ ঘটিকা পর্যন্ত নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, চেঙ্গাইন, সোনারগাঁও, নারায়ণগঞ্জ ও পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা, টেডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিনে বেলা ১১.০৫ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেই উপস্থিত থাকেন) খোলা হবে। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহর ও স্বাক্ষর সংযুক্ত করে খামে সীলগালা ব্যবহারপূর্বক দর দাখিল করতে হবে। দরপত্র দাখিলের সময় দরপত্রের সহিত হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ এবং ভ্যাট নিবন্ধন সংক্রান্ত দাখিলিক প্রমাণাদি এবং আর্থিক স্বচ্ছতার সমর্থনে ব্যাংকের সত্যায়িত সনদপত্র ফটোকপি সংযুক্ত করতে হবে।
- দুই বা ততোধিক প্রতিষ্ঠানের দাখিলকৃত দর সমদর হলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা (২০০৮) এর ৯৮ অনুচ্ছেদের ৩১ ও ৩২ ধারা অনুযায়ী কার্যদেশ প্রদান করা হবে।
- নমুনা এবং স্পেশিফিকেশন মোতাবেক মালামাল সরবরাহ সহ নিজ খরচে নির্দিষ্ট সময়ের মধ্যে কাজ করতে হবে।
- ভ্যাট সংক্রান্ত সরকারি নিয়মাবলী প্রযোজ্য হবে।
- মালামালসমূহ নির্ধারিত স্থানে আনার পর পুনঃদর মান যাচাই পূর্বক কাজ করার অনুমতি প্রদান করা হবে। গুণগত মান সন্তোষজনক না হলে কাজের অনুমোদন দেয়া হবে না।
- সন্তোষজনকভাবে কাজ সমাপ্তির পর বিল ও চালান দাখিল স্বাক্ষরে হিসাবের খাতে প্রাপ্য চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।
- কার্য সম্পাদনের পর মোট বিল হইতে নিরাপত্তা জমানত বাবদ ১০% অর্থ ০১(এক) বছরের জন্য কর্তন করে রাখা হবে। যা কাজের ত্রুটি পরিলক্ষিত না হলে ০১ (এক) বৎসর পদ ফেরত প্রদান করা হবে।
- মালামাল ও কাজের পরিমাণ কম/বেশি হতে পারে। এক্ষেত্রে প্রকৃত সংখ্যা/পরিমাণ অনুযায়ী বিল পরিশোধযোগ্য হবে।
- দরপত্রের উদ্ভূত একক দর ও মোট দর স্পষ্টাক্ষরে লিখতে হবে। কোন প্রকার কাটাকাটি ঘষামাজা এবং ফ্লুইড ব্যবহার গ্রহণযোগ্য হবে না। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত।
- অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
২৪.০২.২০২১  
(প্রকৌঃ মোঃ সাইবুল ইসলাম)  
সিনিয়র জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ-সদয় অবগতি এবং নোটিশ বোর্ড ও ওয়েবসাইট -এ বহল প্রচারের অনুরোধসহ (জেষ্ঠাতার ক্রমানুসারে নয়)।**

- পরিচালক পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (নির্ধারিত তারিখে দরপত্র গ্রহণ ও খোলার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বিজ্ঞপ্তিটি ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।)
- জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- পুলিশ সুপার, নারায়ণগঞ্জ।
- সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার,..... পবিস-১/২/৩/৪।
- উপজেলা নির্বাহী কর্মকর্তা, সোনারগাঁ, বন্দর।
- নির্বাহী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- ডিজিএম (কারিগরি/সোনারগাঁও/বন্দর/ভারাব/মদনপুর), নারায়ণগঞ্জ পবিস-১।
- সহকারী প্রকৌশলী, বাপবিবো, নারায়ণগঞ্জ।
- এজিএম (অর্থ-হিসাব/ওআল্ডএম/আইটি), নারায়ণগঞ্জ পবিস-১। (এজিএম আইটি অত্র পবিসের ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- সোর্স।
- নোটিশ বোর্ড, নারায়ণগঞ্জ পবিস-১।

  
২৪.০২.২০২১  
(প্রকৌঃ মোঃ সাইবুল ইসলাম)  
সিনিয়র জেনারেল ম্যানেজার  
১০২